



স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭- ২০২

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৯
২৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: মাদ্রাসার এমপিও শীটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের নিমিত্ত মাদ্রাসা ভিত্তিক আবেদন দ্রুত প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের এমপিও শীট পর্যালোচনায় দেখা যায় অধিকাংশ শিক্ষক কর্মচারীর পদবী ও বিষয় উল্লেখ নেই। লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মাদ্রাসা থেকে এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর আবেদন একত্রে প্রেরণ না করে ভিন্ন ভিন্ন ভাবে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়, যা অনভিপ্রেত। ফলে একই মাদ্রাসার ভিন্ন ভিন্ন সময়ে দাখিলকৃত আবেদন নিষ্পত্তি করতে একদিকে সময়ের অপচয় হয়, অন্যদিকে এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর সংযোজন/সংশোধনের আবেদন একত্রে দাখিল/অগ্রায়ণ না হওয়ায় সংশ্লিষ্ট মাদ্রাসার বিষয়ভিত্তিক পদ/পদবীর প্রাপ্যতা নির্ধারণ, নিয়োগ যাচাই, এমপিওভুক্তি ও অন্যান্য তথ্যাদি নিশ্চিতকরণপূর্বক আবেদন নিষ্পত্তিতে জটিলতার সৃষ্টি হয়। উল্লেখ্য, এনসিটিবি প্রণীত নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে প্রতিটি মাদ্রাসার শিক্ষকদের পদবী ও বিষয় নির্ধারণের প্রয়োজনীয়তা রয়েছে। ইতোপূর্বে অত্র অধিদপ্তরের ১৩/০১/২০২২ তারিখের ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-২২ নং স্মারকে মাদ্রাসা ভিত্তিক সকল শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু মাত্র অল্প কিছু মাদ্রাসা থেকে আবেদন দাখিল করা হয়েছে। ফলে সকল মাদ্রাসার এমপিও শীটের পদবী ও বিষয় হালনাগাদ করা সম্ভবপর হচ্ছে না।

২। পদবী ও বিষয় সংশোধনের আবেদন সহজে নিষ্পত্তির লক্ষ্যে জনবল কাঠামো অনুযায়ী প্রাপ্যতা এবং শিক্ষা সনদের ভিত্তিতে পদবী ও বিষয় নির্ধারণপূর্বক মাদ্রাসার সকল শিক্ষক কর্মচারীর স্বাক্ষরযুক্ত সর্বশেষ এমপিও শীটের অনুরূপ কপি গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশনে সুপারিশসহ প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, পদবী ও বিষয় সংশোধনের আবেদনের ক্ষেত্রে সর্বশেষ এমপিও শীটের পদবী (কলাম-১) ও বিষয় (কলাম-৪) ব্যতিরেকে অন্যান্য কলাম অপরিবর্তিত রাখতে হবে।

৩। এমতাবস্থায়, এমপিভুক্ত মাদ্রাসাসমূহের এমপিও শীটে শিক্ষক-কর্মচারীদের পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট পদ ও বিষয়ে পত্রিকার বিজ্ঞপ্তির কপি, নিয়োগ বোর্ডের সুপারিশ ও ফলাফল শীট, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির অনুমোদন, নিয়োগ পত্র, যোগদান পত্র, পদবী ও বিষয় সংশ্লিষ্ট একাডেমিক ও পেশাগত সনদ, মাদ্রাসার হালনাগাদ শিক্ষক-কর্মচারীর তালিকা ও বেতন বিলের কপি, সংশোধন বিষয়ে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশন, প্রয়োজনীয় আনুষঙ্গিক কাগজপত্র/ডকুমেন্ট যথাযথ সত্যায়নপূর্বক এমপিও শীটের পদবী ও বিষয় বিহীন সকল শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন একত্রে জেলা শিক্ষা অফিসার/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। মাদ্রাসা শিক্ষার স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

সভাপতি/অধ্যক্ষ/সুপার....সকল এমপিওভুক্ত মাদ্রাসা

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৭- ২০২(২৭০)

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) অতিরিক্ত সচিব (মাদ্রাসা/প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) জেলা প্রশাসক ...(সকল)
- ৪) উপজেলা নির্বাহী অফিসার... (সকল)
- ৫) জেলা শিক্ষা অফিসার.....(সকল)
- ৬) উপজেলা / থানা মাধ্যমিক শিক্ষা অফিসার..(সকল)
- ৭) সকল কর্মকর্তা, মাশিঅ। উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নে তদন্ত প্রতিবেদন দ্রুত দাখিলের অনুরোধসহ
- ৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাশিঅ

আওতাধীন সকল মাদ্রাসায়
উল্লিখিত নির্দেশনা
বাস্তবায়নের অনুরোধসহ।

১২/০৯/২০২২

কে, এম, বুলল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৯
১৩ জানুয়ারী ২০২২

১২/০৯/২০২২

মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৩০১৬৮

adm.dmeb@gmail.com